গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কারা অধিদপ্তর**
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশী বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং-৪৪.০৪.০০০০.০২৮.০৬.০০৫.২৪-২৫০ তারিখ: ৩০ চৈত্র ১৪৩২ / ২৬ এপ্রিল ২০২৫

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব মোঃ মোজাম্মেল খান মুন্সীগঞ্জ জেলা কারাগারে ডেপুটি জেলার হিসেবে ১৫.০৯.২০২২ তারিখ যোগদান করেন। তাকে কারা অধিদপ্তরের পত্র নং-৫৮.০৪.০০০০.০২৪.০১.০০১.২০২১-১১৭৬ তারিখঃ ২০.০৬.২০২১ মূলে প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা হতে সংযুক্তাদেশ প্রত্যাহারপূর্বক মুন্সীগঞ্জ জেলা কারাগারে বদলিপূর্বক পদায়ন করা হয় এবং ২৭.০৬.২০২১ তারিখ কারা অধিদপ্তর হতে কর্মমুক্ত করে যথাসময়ে বদলিকৃত কর্মস্থলে যোগদানের নির্দেশ প্রদান করা হয়। তিনি যথাসময়ে মুন্সীগঞ্জ জেলা কারাগারে যোগদান না করে কর্তৃপক্ষের বিনানুমতিতে ২৮.০৬.২০২১ হতে ১৪.০৯.২০২২ তারিখ পর্যন্ত ০১(এক) বছর ০২(দুই) মাস ১৭(সতেরো) দিন অতিবাস করেন এবং উক্ত অভিযোগে বর্ণিত সময়কাল অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করতঃ ০৫(পাঁচ) বৎসরের জন্য বেতন গ্রেডের সর্বনিম্ন ধাপে অবনমিত করা হয়; এবং

যেহেতু, তিনি পরবর্তীতে ১৫.০৯.২০২২ তারিখ পূর্বাহ্নে মুন্সীগঞ্জ জেলা কারাগারে যোগদান করে তার পরিবারকে আনার জন্য ১৬.০৯.২০২২ ও ১৭.০৯.২০২২ তারিখ ০২(দুই) দিনের নৈমিত্তিক ছুটিতে গমন করেন। ছুটি শেষে ১৮.০৯.২০২২ তারিখ পূর্বাহ্নে কর্মে যোগদানের জন্য নির্ধারিত থাকলেও তিনি কর্মস্থলে যোগদান না করে নিজের খেয়াল খুশিমত ২১.০২.২০২৩ তারিখ পর্যন্ত ০৫(পাঁচ) মাস ০৩(তিন) দিন অতিবাস করেন। স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক কর্মস্থলে অনুপস্থিতির বিষয়ে অফিসার ইনচার্জ, মুন্সীগঞ্জ সদর থানা, মুন্সীগঞ্জে সাধারণ ডায়রি নং-৪৩৫ তারিখঃ ১০.১০.২০২২ দায়ের করলে তিনি ০৫(পাঁচ) মাস ০৩(তিন) দিন অতিবাস করে ২২.০২.২০২৩ তারিখ পূর্বাহ্নে কর্মস্থলে যোগদান করেন এবং পুনরায় ১৬.০৩.২০২৩ হতে অদ্যাবধি কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন; এবং

যেহেতু, মুন্সীগঞ্জ জেলা কারাগারের পত্র নং-১৩১৬(৪) তারিখঃ ১৮.০৪.২০২৪, পত্র নং-২৩৯০(৩) তারিখ: ০২.০৮.২০২৩, পত্র নং-২০৮৬(৩) তারিখ: ০৩.০৭.২০২৩, পত্র নং-১৮২৩(৩) তারিখ: ০২.০৬.২০২৩, পত্র নং-১৪৪২(৩) তারিখ: ০২.০৫.২০২৩, পত্র নং-১২৭৫(৪) তারিখ: ১৮.০৪.২০২৩ এবং পত্র নং-১০৭৪(৩) তারিখ: ২৮.০৩.২০২৩ মূলে কর্মস্থলে যোগদানের জন্য তার স্থায়ী ঠিকানায় একাধিকবার পত্র প্রেরণ করা হলেও তিনি তা প্রতিপালন করেন নি; এবং

যেহেতু, তিনি কর্তৃপক্ষের আদেশ অমান্য করে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত আছেন এবং তার এহনে কার্যকলাপের জন্য কারাবিধি ১ম খন্ডের ১৬২, ১৭৬, ১৯২(২)(৩) ও ১৯৩ বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত করে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং ১০(দশ) কার্যদিবসের মধ্যে জবাব দাখিলের জন্য গত ১৫.১০.২০২৪ তারিখে নির্দেশ প্রদান করা হয়। রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী রেজিস্ট্রার্ড ডাকযোগে ১৭.১০২০২৪ তারিখ অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয় এবং ২৩.১০.২০২৪ তারিখ পত্র গ্রহণের প্রাপ্তি স্বীকার কারা অধিদপ্তরে ফেরত আসে; এবং

যেহেতু, তিনি অভিযোগনামার জবাব দাখিল করেননি এবং ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলা তদন্তের জন্য গত ০৬.০১.২০২৫ তারিখ তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং পরবর্তীতে প্রশাসনিক স্বার্থে একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হিসেবে গত ১৬.০৪.২০২৫ তারিখ তদন্তকারী কর্মকর্তা পরিবর্তন করা হয়। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে কারাবিধি ১ম খন্ডের ১৬২, ১৭৬, ১৯২(২)(৩) ও ১৯৩ বিধি অনুযায়ী 'অসদাচরণ'ও 'কর্মস্থলে অনুপস্থিত/পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন; এবং

যেহেতু, নথিপত্র পর্যালোচনায় এবং তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামতের আলোকে তার বিরুদ্ধে 'অসদাচরণ' ও 'কর্মস্থলে অনুপস্থিত/পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় কারাবিধি ১ম খন্ডের ১৯৪(১০) বিধি অনুযায়ী 'চাকরি হতে বরখাস্তকরণ' এর প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণক্রমে গত ২৮.০৫.২০২৫ তারিখে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেননি এবং গুরুদন্ড আরোপের পূর্ব সিদ্ধান্ত বহাল রেখে তাকে সরকারি 'চাকরি হতে বরখাস্তকরণ' এর বিষয়ে পরামর্শ প্রদানের জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশনকে অনুরোধ করার নিমিত্ত কারা অধিদপ্তরের পত্র নং-৭১৪ তারিখঃ ২১.১০.২০২৫ মূলে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়; এবং

চলমান পাতা-২

যেহেতু, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পত্র নং-৪৪.০০.০০০০.০০০.২৩৬.২৭.০০১৭.২৫-১৯ তারিখঃ ০৬.০৪.২০২৬ মূলে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক অভিযুক্ত কর্মকর্তাকে 'চাকরি হতে বরখাস্তকরণ' এর বিষয়ে গৃহীত সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে প্রস্তাবিত গুরুদন্ড আরোপের পরামর্শ প্রদান করা হয়েছে মর্মে পত্র পাওয়া যায়; এবং

সেহেতু, কারাবিধি ১ম খন্ডের ১৬২, ১৭৬, ১৯২(২)(৩) ও ১৯৩ বিধি অনুযায়ী 'অসদাচরণ' ও 'কর্মস্থলে অনুপস্থিত/পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ১৯৪(১০) বিধি অনুযায়ী জনাব মোঃ মোজাম্মেল খান, ডেপুটি জেলার, মুন্সীগঞ্জ জেলা কারাগারকে সরকারি '**চাকরি হতে বরখাস্তকরণ**' (dismissal) করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১৬/০৪/২৬

সৈয়দ মোঃ মোতাহের হোসেন
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহাপরিদর্শক
ig@prison.gov.bd

পত্র নং-৪৪.০৪.০০০০.০২৮.০৬.০০৫.২৪-২০০

তারিখ: ০৩ চৈত্র ১৪৩২
১৬ এপ্রিল ২০২৫

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ**

১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়;
২। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম সচিবালয়, আগারগাঁও, ঢাকা;
৩। কারা উপ মহাপরিদর্শক, ঢাকা বিভাগীয় দপ্তর-১, সদর দপ্তর, কেরাণীগঞ্জ, ঢাকা;
৪। সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন/আইন), কারা অধিদপ্তর, ঢাকা;
৫। জেল সুপার, মুন্সীগঞ্জ জেলা কারাগার;
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, পিআইইউ/আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা **(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);**
৭। জনাব মোঃ মোজাম্মেল খান, ডেপুটি জেলার (বরখাস্ত), মুন্সীগঞ্জ জেলা কারাগার (স্থায়ী ঠিকানা, পিতাঃ মোঃ আব্দুল হাই খান, গ্রাম+পোঃ কাকলী, থানা, তারাকান্দা, জেলা ময়মনসিংহ);
৮। শাখা প্রধান, সংস্থাপন-২ শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
৯। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মুন্সীগঞ্জ।

১৬/৪/২৬

(আব্দুল কুদ্দুছ)
বিজে-০২৭২১১০০০০২৪৩
সহকারী কারা মহাপরিদর্শক (আইন)
পক্ষে কারা মহাপরিদর্শক
aig.fin@prison.gov.bd